শোভন কর্মপরিবেশ
এগিয়ে যাচ্ছে বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২৩-২৪ কাওরান বাজার, ঢাকা ১২১৫
www.dife.gov.bd

নং-৪০.০১.০০০০.১০১.৩১.৩৮৬.১৭-৫৭২(৭)

তারিখ: ২৫/০৩/১৪২৪ বঙ্গাব্দ
০৯/০৭/২০১৭ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, উপমহাপরিদর্শকের কার্যালয়, নরসিংদীতে কর্মরত শ্রম পরিদর্শক (সাধারণ) মো. মাহমুদুল হক উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকায় কর্মরত থাকাকালীন ২১/০৪/২০১৫ তারিখে সোয়ান জিন্স লি. ও সোয়ান গার্মেন্টস লি. কারখানা সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাপরিদর্শক জনাব মো. ইকবাল আহম্মেদ পত্রের গায়ে লিখিত নির্দেশ প্রদান করেন এবং মৌখিকভাবে তাগাদা প্রদান করেন;

যেহেতু, ২৯/০৪/২০১৫ তারিখে প্রধান কার্যালয়ের যুগ্মমহাপরিদর্শক, জনাব এম জহুরুল হক স্বাক্ষরিত পত্রে উপমহাপরিদর্শক, ঢাকা কে আলোচ্য কারখানা দুটি উল্লিখিত বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হয় এবং এই পত্রটির গায়েও উপমহাপরিদর্শক, ঢাকা কর্তৃক 'অতীব জরুরী' উল্লেখ করে এতদসংক্রান্ত পূর্ববর্তী নির্দেশনা লিখিতভাবে উল্লেখ করা হয় এবং জরুরীভিত্তিতে তদন্তপূর্বক তিন দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, আলোচ্য কারখানা দুটির বিষয়ে উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকায় দাখিলকৃত অভিযোগপত্রের অনুলিপি শ্রমিকগণ কর্তৃক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর নিকট প্রেরণ করা হলে বিষয়টির গুরুত্ব অনুধাবন করে ০৬/০৫/২০১৫ তারিখের মধ্যে আলোচ্য বিষয়ে উপমহাপরিদর্শক কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিমন্ত্রী মহোদয়কে অবহিত করার জন্য ০৫/০৫/২০১৫ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী উল্লিখিত পত্রের গায়ে লিখিত নির্দেশ প্রদান করেন;

যেহেতু, একই বিষয়ে ০৪/০৫/২০১৫ তারিখে জরুরী ভিত্তিতে ০৩ দিনের মধ্যে প্রতিবেদন প্রদানের জন্য লিখিতভাবে নির্দেশ প্রদান করা হলে ০৬-০৫-২০১৫ তারিখে সোয়ান জিন্স লি. ও সোয়ান গার্মেন্টস লি. কারখানা কর্তৃপক্ষ বরাবরে ২৯/০৪/২০১৫ তারিখে ইস্যুকৃত নোটিশ উপমহাপরিদর্শকের নিকট দাখিল করেন, যা উপমহাপরিদর্শক, ঢাকা ইতোপূর্বে জ্ঞাত ছিলেন না;

যেহেতু, উপমহাপরিদর্শকের নির্দেশ অমান্য করে তিনি ০৭ (সাত) দিন অতিবাহিত হওয়ার পর ২৯/০৪/২০১৫ তারিখে কারখানায় পত্র প্রেরণ করেছেন;

যেহেতু, মো. মাহমুদুল হক, শ্রম পরিদর্শক (সাধারণ)- এর বিরুদ্ধে দায়িত্বে অবহেলা ও অসদাচরণের অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা নং ০৩/২০১৫ রুজুকরত: অভিযোগনামা গঠনপূর্বক জবাব দাখিলের জন্য লিখিতভাবে নির্দেশ প্রদান করা হলে তিনি ১২/১০/২০১৫ তারিখের ৭৮৬/উ:মহা:প:/নরসিংদী নং স্মারকে লিখিত জবাব দাখিল করে শুনানীর জন্য প্রার্থণা করেন;

যেহেতু, ২১/০৬/২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(সি) বিধি মোতাবেক ডা. মোস্তাফিজুর রহমান, উপমহাপরিদর্শককে উক্ত বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা একই বিধিমালার ৭(৪), ৭(১০) এবং ১০ নং বিধি মোতাবেক তদন্তপূর্বক ৩০/১১/২০১৫ তারিখের ২৯৫৪/উ:ম:প:/ময়মন নং স্মারকে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় মো. মাহমুদুল হক এর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগের প্রমাণ পাওয়া যায় এবং এ পরিপ্রেক্ষিতে তাকে ২০/০২/২০১৭ তারিখের ৪০.০১.০০০০.১০১.১৯.০০৬.১৬.১৪৯ নং স্মারকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, মো. মাহমুদুল হক ০৯/০৩/২০১৭ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। ২য় কারণ দর্শানোর নোটিশের জবাবে তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগকে ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত উল্লেখ করেছেন এবং নিজেকে নির্দোষ ও ষড়যন্ত্রের শিকার বলে দাবী করেন এবং পুণরায় ব্যক্তিগত শুনানীর ইচ্ছাপোষণ করেন; কিন্তু পুণর্বার ব্যক্তিগত শুনানী গ্রহণের সুযোগ না থাকায় ২য়বার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়নি;

যেহেতু, আলোচ্য বিভাগীয় মামলায় ০৩ (তিন)টি বিবেচ্য বিষয় ছিলো এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে ০৩ (তিন) টি বিবেচ্য বিষয়ই সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৪(৫) (সি) অনুযায়ী- কোন সরকারী কর্মচারীর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রমাণিত হলে তাকে যে কোন ধরণের শাস্তি প্রদান করা যাবে। তবে, মো. মাহমুদুল হক-এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রমাণিত হলেও, সার্বিক বিবেচনায় গুরুদন্ড প্রদানের পরিবতর্তে লঘুদন্ড প্রদান করা যায়;

সেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায়- মো. মাহমুদুল হক, শ্রম পরিদর্শক (সাধারণ) উপমহাপরিদর্শকের কার্যালয়, নরসিংদী-কে একই বিধিমালার ৪(৫) (সি) মোতাবেক লঘুদন্ড হিসেবে অত্র আদেশ জারীর পর হতে পরবর্তী ০২ (দুই) বছর পর্যন্ত বেতন বৃদ্ধি বন্ধ রাখার আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২/৭/১৭

মোঃ সামছুজ্জামান ভূইয়া
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক
ফোন: ৫৫০১৩৬২৬
E-mail:chiefdife@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্ম-সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. প্রধান হিসবারক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪. যুগ্ম-মহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, নরসিংদী।
০৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নরসিংদী।
০৭. হিসাব উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. মো. মাহমুদুল হক, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, নরসিংদী।
০৯. তথ্য ও গণসংযোগ কর্মকর্তা/আইটি সেল (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশ প্রদান করা হলো।)